

ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, অধিভুক্ত ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ের ১ম বর্ষ, ১ম সেমিস্টার এবং ১ম বর্ষ, ২য় সেমিস্টার বিশেষ ফাইনাল পরীক্ষা-২০২৩ আগামী ৩০ মার্চ, ২০২৪ তারিখ হইতে অনুষ্ঠিত হইবে। উক্ত পরীক্ষার ফরমপূরণ ও ফিস বিনা জরিমানায় আগামী ২৪/০৩/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “www.ducmc.com” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৪/০৩/২০২৪ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

Rules for Improvement or Retake Examination:

1. A student will be allowed a single earliest available chance to clear “F” grade/grades complying with the time requirement for the degree. A student will not be allowed for grade improvement if he or she passes and the final semester result is published.
2. A student may sit for improvement exam for courses where grade obtained is less than or equal to “C+” (C plus) and the best grade that a student can be awarded is “B+” (B plus). However, if the grade is not improved the previous grade will remain valid.
3. Improvement exam for all odd semesters will always be held with immediate next even semester and the same exam committee will conduct the improvement exam (for example, 1st semester improvement exam will be held on immediate 2nd semester, 3rd semester in improvement exam will be held in immediate 4th semester, 5th semester improvement exam will be held on immediate 6th semester, 7th semester improvement exam will be held on immediate 8th semester. Improvement exam for all even semesters will always be held with immediate next academic session or batch.
4. In case of improvement exam in addition to usual fees a fine will be charged by the department through their Academic Committee.

কোন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক শ্রেণীসহ ক্লাসে উপস্থিতির শতকরা হার ৭৫% থাকিতে হইবে। শতকরা ৬০ হতে ৭৪টি শ্রেণীতে উপস্থিতি থাকিলে নন-কলেজিয়েট ফিস প্রদান করে পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে। ক্লাসে উপস্থিতির হার ৬০% এর নিচে থাকিলে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না। পরীক্ষার ফিস ও নম্বরপত্রী ফিস বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Fees from the Constituent College” শিরোনামে অত্র অফিসে জমা দিতে হইবে। ফরওয়ার্ডিং লেটারের মাধ্যমে পরীক্ষার এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০ (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Controller of Examinations” (A/C-33011288) শিরোনামে জমা দিতে হইবে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

পরীক্ষার ফিসের হার নিম্নরূপ

১। প্রতি সেমিস্টার ফিস	-----	৩০০০/- টাকা।
২। রিটেক/ফলোয়ন(প্রতি কোর্স)	-----	১০০০/- টাকা।
৩। নম্বরপত্রী ফিস	-----	৩০০/- টাকা।
৪। নন-কলেজিয়েট ফিস	-----	১০০০/- টাকা।
৫। কেন্দ্র ফিস (পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কেন্দ্রের হিসাব নম্বরে জমা দিতে হবে)	-----	৭৫০/- টাকা।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

মেমো নং: ২৪৪১/মে.সে./প./৩৩৫

স্বাক্ষর/-
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়।
তারিখঃ ২০/০৩/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। ডীন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ, ঢাঃ বিঃ।
- ২। অধ্যক্ষ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
- ৩। রেজিস্ট্রার, ঢাঃ বিঃ।
- ৪। প্রক্টর, ঢাঃ বিঃ।
- ৫। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৬। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৭। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাঃ বিঃ।
- ৮। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।
- ৯। সকল সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাঃ বিঃ।

পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়।